


# দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি



# বার্ষিক প্রতিবেদন

## ২০২০-২০২১

চাল-লিচুতে ভরপুর জেলার নাম দিনাজপুর

## ৫০তম বার্ষিক সাধারণ সভা ২০২১

১৯৭৫ হতে অগ্রগতির সাথী

## দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি



বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# বার্ষিক প্রতিবেদন ২০২১

দিনাজপুর জেলার ব্যবসায়ী ও শিল্প মালিকদের শীর্ষ সংগঠন দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির ৫০তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত অত্র চেম্বারের সম্মানিত সদস্য-সদস্যাবৃন্দ, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি, পরিচালনা পরিষদের পরিচালকবৃন্দ, সম্মানিত সাবেক সভাপতিগণ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিকস্ মিডিয়ার সাংবাদিকবৃন্দ এবং উপস্থিত সুধী মন্ডলী, আস্‌সালামু আলাইকুম ও আদাব।

আজকের এই মহতি অনুষ্ঠানে অনেক কষ্ট স্বীকার করে বার্ষিক সাধারন সভায় উপস্থিত হয়ে সভাকে কার্যকর ও অর্থবহ করার জন্য আপনাদের সকলকেই দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির পরিচালনা পরিষদের পক্ষ থেকে স্বাগত ও আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। আমি মনে করি আজকের এই বার্ষিক সাধারন সভায় আপনাদের স্বতঃস্ফূর্ত অংশ গ্রহন আগামী দিনগুলোতে দিনাজপুর চেম্বারের কর্মকান্ডকে আরও গতিশীল করবে।

সাধারণ সভার শুরুতেই আমি গভীর শ্রদ্ধা ভরে স্মরণ করছি, হাজার বছরের শ্রেষ্ট বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নাম, যাঁর জন্ম না হলে আমাদের এই সোনারবাংলার জন্ম হতো না। আমি গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি মহান মুক্তিযুদ্ধের সংগঠক, সংবিধান প্রনয়ন কমিটির অন্যতম সদস্য, বীরমুক্তিযোদ্ধা, সাবেক সাংসদ মরহুম এ্যাডভোকেট এম.আব্দুর রহিম ও সাবেক সাংসদ বীরমুক্তিযোদ্ধা মরহুম আব্দুর রউফ চৌধুরীসহ সকল মহান দেশ প্রেমিক মুক্তিযোদ্ধাদের, যাঁদের রক্ত, ত্যাগ এবং আত্মোৎসর্গের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীন সার্বভৌম বাংলাদেশ । আমি আরও গভীরভাবে স্মরণ করছি, বিগত সময়ে করোনা অতিমারি এবং বিভিন্ন কারনে অত্র চেম্বারের যে সকল সম্মানিত সদস্য-সদস্যা ও তাঁদের পরিবার পরিজন, আত্মীয় স্বজন এবং গুণীজন যাঁরা আমাদের মাঝ থেকে চির বিদায় নিয়েছেন, আমি তাঁদের বিদেহী আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করছি।

**সম্মানিত সুধীবৃন্দ,**

আপনারা জানেন, আজকের এই ৫০তম বার্ষিক সাধারন সভা জনাব সুজা উর রব চৌধুরীর নেতৃত্বাধীন বিগত পরিষদের মেয়াদে অনুষ্ঠিত হবার কথা থাকলেও বৈষয়িক অতিমারি করোনার কারনে তা অনুষ্ঠিত করা সম্ভব হয়নি। বিগত পরিষদের মেয়াদে বার্ষিক সাধারন সভা আয়োজন করা সম্ভব না হলেও তাঁদের মেয়াদের উল্লেখযোগ্য কিছু কর্মকান্ড আপনাদের সামনে উপস্থাপন করছি।

২০১৯ সালের সেপ্টেম্বর মাসের ১৯ তারিখে অত্র চেম্বারের সাবেক সভাপতি জনাব সুজা উর রব চৌধুরী জাতিসংঘের সম্মেলনে যোগ দিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সফরসঙ্গী হয়ে অত্র চেম্বারের পক্ষে প্রথমবারের মত আমেরিকা গমন করেন, যা দিনাজপুর চেম্বারের জন্য অত্যান্ত গৌরবের বিষয়।

৪৯তম বার্ষিক সাধারণ সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত মোতাবেক গত পরিচালনা পরিষদের মেয়াদে চেম্বার ভবনের চতুর্থ তলায় ওঠা নামার সুবিধার্থে লিফট স্থাপন করা হয়েছে। লিফট স্থাপনের জন্য ষ্টীলের অবকাঠামো তৈরী বাবদ ৮ লক্ষ ৫০ হাজার টাকা, লিফটের বাহিরের দিকে গ্লাসের আবরন তৈরী ৭ লক্ষ ৮১ হাজার টাকা, নির্মান, রং করন ও বৈদ্যতিক ব্যয় ৩ লক্ষ ৭৭ হাজার ৮ শত ৪ টাকা ও লিফটের মূল্য ১৬ লক্ষ ২০ হাজার টাকাসহ সর্বমোট ব্যয় হয়েছে ৩৬ লক্ষ ২৮ হাজার ৮ শত ৪ টাকা। দীর্ঘ দিনের কাঙ্খিত চেম্বার ভবনে লিফট স্থাপন সম্পন্ন হওয়ায় ভবনের বিভিন্ন তলায় উঠা নামার সুবিধাসহ ভবনের সৌন্দর্য্য বৃদ্ধি হয়েছে যা বিগত পরিষদের একটি অন্যতম অর্জন বলে আমি মনে করি।

আপনারা জানেন, ২০২০ সালের প্রথম দিকে আমাদের দেশে করোনা অতিমারির সংক্রমন চিহ্নিত হবার পর গত ২৬ মার্চ হতে সমগ্র বাংলাদেশে সাধারণ ছুটি ঘোষনা করা হয়। আমাদের দেশে করোনা অতিমারির সময়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা দেশের অর্থনীতির চাকা সচল রাখার লক্ষ্যে সকল শ্রেণীর ব্যবসায়ী, শিল্পকলকারখানার মালিক এবং কৃষক পর্যায়ে হাজার হাজার কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষনা করেন।মাননীয় প্রধানমন্ত্রীর এই পদক্ষেপ গ্রহণের কারনে করোনায় স্থবির প্রায় অর্থনীতির চাকা পুনরায় সচল হয়ে আমরা প্রায় স্বাভাবিক অর্থনৈতিক কর্মকান্ডে ফেরৎ আসতে সক্ষম হয়েছি। সময়োপযোগী এবং সাহসিক এই সিদ্ধান্তের কারনে আমরা দিনাজপুর চেম্বারের পক্ষ থেকে বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

**প্রিয় সহকর্মীবৃন্দ,**

করোনা অতিমারি মোকাবেলায় চেম্বারের সাবেক পরিচালনা পরিষদ যথাসাধ্য চেষ্টা করেছেন। করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্ত গরীব দুস্থদের মাঝে ২০২০ সালের এপ্রিল-মে মাসে খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে চেম্বারের নিজস্ব তহবিল, চেম্বারের পরিচালনা পরিষদের সম্মানিত পরিচালকবৃন্দের প্রদত্ত অনুদান, বেশ কয়েকজন সাধারণ সদস্যের প্রদত্ত নগদ অর্থ সহায়তায় কয়েক ধাপে ১২ লক্ষাধিক টাকার খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। এছাড়াও সচেতনতা মুলক কার্যের অংশ হিসেবে ব্যানার, পোষ্টার, হ্যান্ডবিল ও মাইকে প্রচারনা চালানো হয়। ২০২০ সালের এপ্রিল মাসের শেষ দিকে এফবিসিসিআই হতে প্রেরীত করোনা চিকিৎসায় ব্যবহৃত ভাল মানের ২৫ টি পিপিই ও সার্জিক্যাল মাসক এম আব্দুর রহিম মেডিকেল কলেজ ও হাসপাতালের ব্যবস্থাপনা কমিটির সভায় কমিটির সভাপতি জাতীয় সংসদের মাননীয় হুইপ জনাব ইকবালুর রহিম এমপি'র মাধ্যমে হাসপাতাল কর্তৃপক্ষের হাতে তুলে দেয়া হয়। চেম্বারের নিজস্ব অর্থায়নে ক্রয়কৃত ১২টি ইনফ্রাটেড থার্মোমিটার ও পর্যাপ্ত পরিমান সার্জিক্যাল মাসক জেলা করোনা নিয়ন্ত্রন কমিটির সভাপতি জেলা প্রশাসক এবং সদস্য সচিব সিভিল সার্জনের হাতে তুলে দেয়া হয়। ১২টি উপজেলায় করোনা অতিমারিতে ক্ষতিগ্রস্ত দরিদ্রদের খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে প্রতি উপজেলায় ৫০ হাজার টাকা হিসেবে ৬ লক্ষ টাকা চেম্বার তহবিল হতে জেলা প্রশাসকের মাধ্যমে উপজেলা নির্বাহী কর্মকর্তাদের নিকট প্রেরণ করা হয়। ২০২১ সালের জুন-জুলাই মাসে এফবিসিসিআই হতে প্রেরীত ২৫ হাজার সার্জিক্যাল মাসক, ১০টি অক্সিজেন সিলিন্ডার, ২টি অক্সিজেন কনসেনট্রেটর জেলা করোনা নিয়ন্ত্রণ কমিটির সভাপতি এবং সদস্য সচিবের নিকট হস্তান্তর করা হয়। দিনাজপুর সদর হাসপাতাল কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে গত ঈদুল আযহার সরকারী ছুটির সময় করোনা চিকিৎসা সেবা যাতে ব্যহত না হয় সে লক্ষ্যে ১০০ টি নন রিবার্থিং মাসক ব্যাগ, ১০০ টি অক্সিজেন মাস্ক ও ১০০টি নেজাল কেনুলা চেম্বারের অর্থায়নে প্রদান করা হয়। এছাড়াও চেম্বারের লোগো মুদ্রিত ধৌতপযোগী ৫ হাজার ৩শত ভাল মানের কাপড়ের মাস্ক সমগ্র জেলায় বিতরণ অব্যহত আছে।

**প্রিয় সাথীবৃন্দ,**

করোনা কালীন সময়ে চেম্বারের জনকল্যানমুখী বিভিন্ন কর্মকান্ডের পাশাপাশি প্রশাসনের সাথে নিয়মিত যোগাযোগ,তাদের আহুত সভায় নিয়মিত যোগদান করা, করোনা অতিমারির কারনে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের জন্য সরকার ঘোষিত প্রণোদনা সহায়তা প্রাপ্তিতে সরকারী বেসরকারী বিভিন্ন ব্যাংকের উপ-মহাব্যবস্থাপক, ব্যবস্থাপক ও প্রতিনিধিদের সাথে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরন করে চেম্বার ভবণে একাধিকবার মতবিনিময় সভার আয়োজন করা হয়, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এবং রংপুর বিভাগের আট জেলার চেম্বার নেতৃবৃন্দের অংশগ্রহণে রংপুরে অনুষ্ঠিত প্রাক বাজেট আলোচনায় অত্র চেম্বারের পক্ষ থেকে অন্যান্য দাবীর সাথে টার্ণওভার কর .৫০% রহিত করার দাবী উপস্থাপন জানানো হয়, উক্ত দাবীর প্রেক্ষিতে রাজস্ব বোর্ডের চেয়ারম্যান তা বিবেচনার আশ্বাস প্রদান করেন। পরবর্তীতে, টার্ণওভার কর .৫০% এর স্থলে .২৫% নির্ধারন করা হয়েছে, যা দিনাজপুর চেম্বারের একটি অন্যতম অর্জন। ব্যবসায়ীদের ভ্যাট সমস্যা সমাধানের লক্ষ্যে ভ্যাট বিভাগের উপ-কমিশনারসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে চেম্বার ভবনে ব্যবসায়ীদের সাথে নিয়ে মতবিনিময় করা হয়। আপনারা জানেন, দিনাজপুর একটি শীত প্রবন জেলা, প্রচন্ড শীতের হাত থেকে গরীব দুস্থ্য মানুষকে সহায়তা করার লক্ষ্যে অত্র চেম্বার হতে শীতবস্ত্র বিতরণ করা হয়। এছাড়াও অত্র চেম্বারের আবেদনে সাড়া দিয়ে এফবিসিসিআই, ঢাকা চেম্বার, ঢাকা মেট্রোপলিটন চেম্বার এবং দিনাজপুর জেলার বিভিন্ন ব্যাংক সহায়তার হাত প্রসারিত করেছেন। আমি তাঁদের আজকের এই সাধারণ সভার মাধ্যমে ধন্যবাদ জ্ঞাপন করছি এবং আশা করছি ভবিষ্যতেও তাদের সহায়তার হাত প্রসারিত থাকবে।

**প্রিয় বন্ধুগণ,**

একটি সংবিধিবদ্ধ সংগঠনের জন্য বার্ষিক সাধারণ সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ । গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের জারীকৃত প্রজ্ঞাপন,সংগঠনের সংঘ স্মারক - সংঘ বিধি এবং কোম্পানী আইন ১৯৯৪ অনুয়ায়ী প্রতি বছর বার্ষিক সাধারন সভা আয়োজন করা বাধ্যতামুলক। আপনারা জানেন, ২০২০ সালে করোনা অতিমারির ক্রমবর্ধমান সংক্রমণ নিয়ন্ত্রনে রাখতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার দেশের সকল সরকারী-বেসরকারী অফিস আদালত, দোকান পাট, ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে কয়েক দফায় সাধারণ ছুটি ঘোষনা করে। এরই ধারাবাহিকতায় বাণিজ্য মন্ত্রনালয় হতে দেশের সকল বাণিজ্য সংগঠনের নির্বাচন ও বার্ষিক সাধারণ সভা আয়োজন স্থগিত করে বেশ কয়েকবার প্রজ্ঞাপণ জারী করে এবং সমগ্র বাংলাদেশের চেম্বারসমুহের পরিচালনা পরিষদের মেয়াদ ৩১ ডিসেম্বর,২০২১ পর্যন্ত বৃদ্ধি করে। ২০২০ সালে অত্র চেম্বারের নির্বাচন অনুষ্ঠিত করার সময় নির্ধারিত থাকলেও তফসিল ঘোষনার পরও সরকার ঘোষিত নিষেধাজ্ঞার কারণে তা অনুষ্ঠিত করা সম্ভব হয়নি। পরবর্তীতে করোনা সংক্রমন কিছুটা প্রসমিত হওয়ায় গত ১২জুন,২০২১ তারিখে অত্র চেম্বারের একটি প্রতিযোগীতা মুলক নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠিত হয়, যে নির্বাচনে আপনারা স্বতস্ফুর্তভাবে অংশ গ্রহণ করেছেন। আপনাদের দেয়া মুল্যবান ভোটে আমার পরিষদ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে, ফলশ্রুতিতে চেম্বার পরিচালনার দায়িত্ব আমাদের উপর অর্পিত হয়েছে।

কিন্তু অতীব দুঃখের সাথে আপনাদের জানাচ্ছি যে, এই স্বতস্ফুর্ত ও নিরপেক্ষ নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করে কয়েকজন সদস্য এফবিসিসিআই এর আর্বিট্রেশন ট্রাইবুন্যালে মামলা দায়ের করেছেন। তারা ভিত্তিহীন অভিযোগ করেছেন যে, অবৈধ ভোটাররা ভোট দিয়েছেন এবং এই নির্বাচনের কোন বৈধতা নেই। আমি এই ভিত্তিহীন অভিযোগের তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমি আশা করবো আজকের এই সাধারণ সভায় আপনারা সঠিক নির্দেশনা দিবেন, যাতে করে আগামীতে কোন সদস্য ভিত্তিহীন অভিযোগ করে চেম্বারের মত একটি গুরুত্বপুর্ণ সংগঠনের কার্যক্রম ব্যহত করতে না পারে।

**সম্মানিত সুধীবৃন্দ,**

দিনাজপুর চেম্বারের ১১তম সভাপতি হিসেবে গত ১৬/০৮/২০২১ তারিখে চেম্বারের দায়িত্ব গ্রহনের পর আমার পরিষদসহ এই সংক্ষিপ্ত সময়ে আপনাদের কল্যানে যে সকল কর্মকান্ড সম্পাদন করতে পেরেছি, তার কিছু অংশ উল্লেখ করছি।

**দিনাজপুর পৌরসভার মেয়র ও প্যানেল মেয়রের সাথে মত বিনিময় সভাঃ**

ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন করার ক্ষেত্রে সাইনবোর্ড কর আরোপ করার বিষয়ে দিনাজপুর জেলার সর্বস্তরের ব্যবসায়ীদের নিয়ে অত্র চেম্বারের পরিচালনা পরিষদ গত ২১/০৮/২০২১ তারিখে চেম্বার ভবনে দিনাজপুর পৌরসভার মেয়র জনাব সৈয়দ জাহাঙ্গীর আলম ও প্যানেল মেয়র জনাব আবু তৈয়ব আলী (দুলাল) এর সাথে মতবিনিময় সভা আয়োজন করা হয়। ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন করার সময় পৌরসভা কর্তৃপক্ষ প্রত্যেক ব্যবসায়ীর নিকট হতে সাইনবোর্ড কর বাবদ যে অতিরিক্ত টাকা গ্রহণ করে, তা বন্ধ করার বিষয়ে চেম্বারের পক্ষ থেকে দাবী উত্থাপন করা হয়। এ দাবীর প্রেক্ষিতে ট্রেড লাইসেন্স ইস্যু ও নবায়ন করার ক্ষেত্রে সাইনবোর্ড কর আরোপ করার যে বিধান পৌরসভা কর্তৃপক্ষ চালু করেছিলেন, তা স্থগিত করা হয়েছে।

**উপ-মহা পরিদর্শক, কলকারখানা পরিদর্শন অধিদপ্তর, দিনাজপুর এর সাথে মতবিনিময় সভাঃ**

চলতি মেয়াদে চেম্বার সভাপতি হিসেবে দায়িত্ব গ্রহণের পর থেকেই বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের পক্ষ থেকে অভিযোগ আসছিল যে, জেলার কল কারখানা পরিদর্শন অধিদপ্তর, দিনাজপুর কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণ বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে গিয়ে শ্রম আইনের বিভিন্ন বিধান প্রতিপালন না হবার কারণ দেখিয়ে আর্থিক জরিমানা করার পাশাপাশি সনদ গ্রহণের নির্ধারিত ফি'র অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে গত ০১/০৯/২০২১ তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শকের কার্যালয় দিনাজপুরের উপ-মহাপরিদর্শক জনাব মোঃ মোস্তাফিজুর রহমানের সাথে চেম্বার ভবনে মত বিনিময় সভার আয়োজন করা হয়। আমি বিশ্বাস করি উক্ত মতবিনিময় সভা আয়োজনের পর থেকে জেলার ব্যবসায়ীগণ উপকৃত হয়েছেন।

**মাননীয় হুইপ মহোদয়ের সাথে "দিনাজপুরের উন্নয়ন ভাবনা" শীর্ষক মত বিনিময় সভাঃ**

চেম্বারের নব নির্বাচিত পরিচালনা পরিষদের সাথে চেম্বারের সাবেক নেতৃবৃন্দ এবং সকল শ্রেণীর ব্যবসায়ীদের নিয়ে গত ৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখ সন্ধ্যায় "দিনাজপুরের উন্নয়ন ভাবনা" শীর্ষক এক মতবিনিময় সভা চেম্বার ভবনে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রনালয় ঘোষিত যথাযথ স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিনাজপুর সদর-৩ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় হুইপ জনাব ইকবালুর রহিম এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দিনাজপুরের জেলা প্রশাসক জনাব খালেদ মোহাম্মদ জাকী, জেলা পরিষদের চেয়ারম্যান জনাব আজিজুল ইমাম চৌধুরী, পুলিশ সুপার জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন বিপিএম পিপিএম (বার)। উক্ত মতবিনিময় সভায় আমি চেম্বার সভাপতি হিসেবে দিনাজপুর ব্যবসায়ী ও শিল্প উদ্যোক্তাদের পক্ষে বেশ কিছু প্রস্তাবনা উপস্থাপন করি। যার মধ্যে অন্যতম, জেলায় অর্থনৈতিক অঞ্চল ও আইটি পার্ক দ্রুত বাস্তবায়ন করা এবং দিনাজপুরের উদ্যোক্তাদের জন্য অর্থনৈতিক অঞ্চলে কোটা সংরক্ষন করা। আমাদের দিনাজপুরের মানুষের দীর্ঘদিনের চাওয়া প্রাকৃতিক গ্যাস দ্রুত সরবরাহের ব্যবস্থা গ্রহণ, ব্যবসায়ীদের বিভিন্ন সনদ বা লাইসেন্স গ্রহনে ওয়ানষ্টপ সার্ভিস চালু করা, হিলি স্থলবন্দরের অবকাঠামোগত উন্নয়ন এবং বিরল স্থল বন্দর পুর্নাঙ্গরূপে চালু করা। উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, জেলায় স্থাপিত হতে যাওয়া অর্থনৈতিক অঞ্চল ও আইটি পার্কের কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করার প্রচেষ্টা অব্যহত আছে। দিনাজপুরের ব্যবসায়ীদের জন্য অর্থনৈতিক অঞ্চল ও আইটি পার্কে সুনির্দ্দিষ্ট কোটা সংরক্ষনের পদক্ষেপ তিনি গ্রহণের আস্বাস প্রদান করেন । তিনি দিনাজপুরের অর্থনৈতিক উন্নয়ন ও কর্মসংস্থানের লক্ষ্যে শিল্পস্থাপনে জেলার ব্যবসায়ী ও শিল্পপতিদের এগিয়ে আসার আহবান জানান।

**এফবিসিসিআই এর সাবেক সভাপতি নিটল-নিলয় গ্রুপের চেয়ারম্যান জনাব আবদুল মাতলুব আহমাদ এর সাথে মতবিনিময় সভাঃ**

এফবিসিসিআই এর সাবেক সভাপতি নিটল-নিলয় গ্রুপের চেয়ারম্যান জনাব আবদুল মাতলুব আহমাদ গত ২১/১০/২১ তারিখে দিনাজপুর চেম্বার পরিদর্শনে আসলে পরিচলনা পরিষদের সাথে চেম্বার ভবনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় ইতিপুর্বে অত্র চেম্বারের আবেদনের প্রেক্ষিতে তার ঘোষনা কৃত একটি এ্যাম্বুলেন্স দ্রুত অত্র চেম্বারের কাছে হস্তান্তরের অনুরোধ করি। জবাবে জনাব আবদুল মাতলুব আহমাদ অত্র চেম্বারের অনুকুলে একটি এ্যাম্বুলেন্স দ্রুত প্রদানের আশ্বাস প্রদান করেন।

**ভারত-বাংলাদেশের দ্বিপাক্ষিক বাণিজ্য সহজীকরণের লক্ষ্যে ভারতীয় হাইকমিশনারের সাথে সভাঃ**

দিনাজপুর জেলার মানুষের দীর্ঘদিনের চাওয়া বিরল স্থলবন্দর পূর্ণাঙ্গ স্থলবন্দর হিসেবে চালু হোক। দিনাজপুর চেম্বারের পক্ষ থেকেও এফবিসিসিআই'র মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে বিভিন্ন সময়ে জোরালোভাবে এ দাবী উত্থাপন করা হয়। গত ০৯/১১/২০২১ তারিখে রংপুর বিভাগের ৮ জেলার চেম্বার নেতৃবৃন্দ ও আমদানি রপ্তানি বাণিজ্যের সাথে জড়িত ব্যবসায়ীদের নিয়ে রংপুর চেম্বারের আয়োজনে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার জনাব বিক্রম কে দোরাইস্বামী উক্ত মত বিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অত্র চেম্বারের সাবেক সভাপতি ও পরিচালক জনাব মোঃ মোছাদ্দেক হুসেন, পরিচালক হারুন উর রশীদ এবং আমি রংপুর চেম্বারের উক্ত মতবিনিময় সভায় অংশগ্রহণ করি। ভারত-বাংলাদেশ এই দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য আরও সহজীকরণ করার লক্ষ্যে বিশেষত জেলার দুটি স্থলবন্দরের ভারতীয় অংশের সমস্যাদি সমাধানের লক্ষ্যে দিনাজপুর চেম্বারের পক্ষ থেকে লিখিতভাবে ভারতের হাইকমিশনারকে অনুরোধ করি। আমি আশা করছি, হিলি ও বিরল স্থল বন্দরের ভারতীয় অংশের সমস্যা অচিরেই সমাধান হবে এবং বন্দরের কর্মকান্ডে স্বাভাবিক গতি ফিরে আসবে।

**পরিবেশ অধিদপ্তরের সাথে মত বিনিময় সভাঃ**

জেলার চাউলকল মালিক, ইটভাটা মালিক, শিল্প প্রতিষ্ঠানের মালিক ও সংশ্লিষ্ট ব্যবসায়ীদের নিয়ে চেম্বারের আয়োজনে জেলার পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালকের সাথে গত ২৯/১১/২০২১ তারিখে চেম্বার ভবনে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় বিভিন্ন সেক্টরের ব্যবসায়ী নেতৃবৃন্দ নতুন শিল্প স্থাপন এবং বিদ্যমান শিল্প সচল রাখতে পরিবেশ অধিদপ্তরের সনদ না পাওয়া প্রসঙ্গে তাদের বক্তব্য উপস্থাপন করেন। চেম্বারের সাবেক দুই সভাপতি সর্বজনাব মোঃ মোছাদ্দেক হুসেন ও সুজা উর রব চৌধুরী বিদ্যমান শিল্প সচল রাখতে পরিবেশ অধিদপ্তরের নবায়ন সনদ না পাওয়ার বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা করে বক্তব্য উপস্থাপন করেন এবং এ অবস্থা থেকে উত্তোরনের বিষয়ে পরিবেশ অধিদপ্তরের করনীয় সম্পর্কে জানাতে অনুরোধ করেন। নতুন শিল্প স্থাপন এবং বিদ্যমান শিল্প সচল রাখতে পরিবেশ অধিদপ্তরের সনদ প্রাপ্তি সহজীকরন করার অনুরোধ করে আমি আমার বক্তব্য উপস্থাপন করি। জবাবে পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক আইনের মধ্যে থেকে পরিবেশ সনদ প্রদানে সর্বাত্বক সহযোগীতা করার আশ্বস্ত করেন।

**সুপ্রিয় বন্ধুগণঃ**

দিনাজপুর চেম্বারের সভাপতির দায়িত্ব গ্রহনের পর চেম্বারের কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে পরিচালকদের সমন্বয়ে সালিস কমিটিসহ কয়েকটি কমিটি গঠন করে তাদের উপর দায়িত্ব অর্পন করা হয়।গঠিত কমিটিগুলো তাদের উপর অর্পিত দায়িত্ব পালনে আপ্রাণ চেষ্টা করছে । ব্যবসায়ীদের স্বার্থ সংরক্ষনসহ কোন ব্যবসায়ী যাতে অযথা হয়রানীর শিকার না হন সেবিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহন করে তা সমাধান করে দিচ্ছেন।

পরিশেষে, দীর্ঘক্ষন যাবৎ ধৈর্য্য ধরে বার্ষিক প্রতিবেদনে লিখিত বক্তব্য শুনছেন, এজন্য আপনাদের আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। পাশাপাশি বৈষয়িক এ করোনা অতিমারি নিয়ন্ত্রণে দেশের সকল মানুষকে বিনা মুল্যে ভ্যাকসিনেশনের আওতায় নিয়ে আসার কার্যক্রম গ্রহণের জন্য আমি দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি'র পক্ষ থেকে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানাচ্ছি। করোনা অতিমারির সংক্রমন খুব শীঘ্র হয়তো শেষ হবেনা, তবে আমি আশা করছি নিয়ন্ত্রণে থাকবে। অতি সম্প্রতি করোনা ভাইরাসের নতুন ভেরিয়েন্ট ওমিক্রন আমাদের দেশসহ পৃথিবীর বিভিন্ন দেশে চিহ্নিত হয়েছে। শোনা যাচ্ছে নতুন চিহ্নিত হওয়া ভেরিয়েন্ট পূর্বের সকল ভেরিয়েন্টের তুলনায় অধিক সংক্রমন ঘটাতে পারে। আমি দিনাজপুর চেম্বারের সভাপতি হিসেবে চেম্বারের সকল সদস্য সদস্যা ও তাদের পরিবার পরিজনসহ জেলাবাসীকে নতুন চিহ্নিত হওয়া করোনার এই ভেরিয়েন্ট হতে সুরক্ষিত থাকতে ঘরের বাহিরে বের হলে অবশ্যই মাসক পরিধান করা এবং সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে চলার অনুরোধ করছি। ভয় নয়, আপনার আমার সচেতনতাই করোনা অতিমারির সংক্রমন রোধ করতে পারে, কাজেই আসুন আমরা সকলে সচেতন হই। আমি মহান আল্লাহতাআলার কাছে দোয়া করছি, তিনি যেন করোনা অতিমারি থেকে সমগ্র বিশ্বের মানুষকে সুরক্ষা করেন।

উপস্থিত সকলের সুস্বাস্থ্য, সুখী, সুন্দর ও দীর্ঘ জীবন কামনা করে আবারো সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি ।

সকলকে ধন্যবাদ ।

(রেজা হুমায়ুন ফারুক চৌধুরী শামিম)
সভাপতি
দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি